কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৮.১৭.১০৬

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৭ / ২৭ জুলাই ২০২০

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় :** ২০২০-২১ অর্থবছরে খরিপ-২ মৌসুমে বন্যার ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তত্ত্বাবধানে অধিক ক্ষতিগ্রস্থ জেলাসমূহে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে রোপণের জন্য ট্রেতে নাবী জাতের আমন ধানের চারা উৎপাদন ও ক্ষতিগ্রস্থ প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকের মাঝে বিনামূল্যে বিতরণের নিমিত্ত ৫৪.০৮০০০ লক্ষ (চুয়ান্ন লক্ষ আট হাজার) টাকার কৃষি প্রণোদনা কর্মসূচির অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলনের সরকারী আদেশ জারিকরণ সংক্রান্ত।

মহোদয়,

২০২০-২১ অর্থবছরে খরিপ-২ মৌসুমে বন্যার ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তত্ত্বাবধানে অধিক ক্ষতিগ্রস্থ জেলাসমূহে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে রোপণের জন্য ট্রেতে নাবী জাতের আমন ধানের চারা উৎপাদন ও ক্ষতিগ্রস্থ প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকের মাঝে বিনামূল্যে বিতরণের নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ের 'কৃষি পুনর্বাসন সহায়তা (কোড নং ১২০০০৬৫০৫)' খাতে মোট ৩০০০০ লক্ষ (তিনশত কোটি) টাকা বরাদ্দ হতে ৫৪.০৮০০০ লক্ষ (চুয়ান্ন লক্ষ আট হাজার) টাকা ০৪ নং অনুচ্ছেদে বর্ণিত বিভাজন অনুযায়ী ২৫ (পঁচিশ) টি জেলার জেলা প্রশাসক ও জেলা কৃষি **পুনর্বাসন** বাস্তবায়ন কমিটির সভাপতির অনুকূলে ০৭ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য এতদ্দ্বারা ছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা কৃষি **পুনর্বাসন** বাস্তবায়ন কমিটির সভাপতি এ অর্থ ব্যয়ে এতদসঙ্গে সংযুক্ত **প্রণোদনা** কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি, যাবতীয় আর্থিক বিধি-বিধান, ০৫ নং অনুচ্ছেদে বর্ণিত উপজেলা ভিত্তিক তালিকা এবং ০৭ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। এক নজরে পুনর্বাসন কর্মসূচি:

- প্রাক্কলিত আর্থিক ব্যয়: ৫৪.০৮০০০ লক্ষ (চুয়ান্ন লক্ষ আট হাজার) টাকা
- প্রস্তাবিত রোপা আমন বীজতলা তৈরির পরিমাণ: ৪১৬০০ টি ট্রে।
- উপকারভোগী কৃষকের সংখ্যা: ১৬০০ (এক হাজার ছয় শত) জন।
- রোপা আমনের যে জাতের বীজতলা ও চারা তৈরি করা হবে: বিআর ২২, বিআর ২৩।
- যে সকল জেলায় চারা বিতরণ ও উৎপাদন করা হবে: গাজীপুর, টাংগাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মাগুরা, ফরিদপুর, মাদারিপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর=২৫ জেলা।

০৩। প্রতি বিঘা জমির বীজতলা তৈরি ও রোপণ ব্যয় বিবরণী:

| বিষয় বিবরণী | পরিমাণ (টি) | একক খরচ (টাকা) | মোট ব্যয় (টাকা) |
|---|---|---|---|
| বিঘা প্রতি @ ৩ কেজি করে (প্রতি কেজি বীজের দাম @ ৪০ টাকা) মোট খরচ | ৩ | ৪০ | ১২০ |
| বিঘা প্রতি ২৬টি ট্রে ধরে ( প্রতি ট্রে @ ৬০ টাকা ) | ২৬ | ৬০ | ১৫৬০ |
| ২৬ টি ট্রে এর মধ্যে চারা উৎপাদনের জন্য খরচ @ ২ জন শ্রম দিবস ধরে (টাকা) | ২ | ৫০০ | ১০০০ |
| ১ বিঘা জমিতে রোপণের জন্য রাইস ট্রান্সপ্লান্টারের ভাড়া বাবদ | | থোক | ৫০০ |
| চারা উৎপাদন ও রোপণে মোট খরচ (টাকা) | | | ৩১৮০ |
| আনুষাঙ্গিক খরচ (টাকা) | | থোক | ২০০ |
| বিঘা/ জন প্রতি মোট খরচ (টাকা) | | | ৩৩৮০ |

**২৫ জেলায় ১০০ উপজেলায় ট্রে এর মধ্যে আপদকালীন সিড বেড তৈরির ও রোপণ ব্যয় বিবরণী**

| | |
|---|---|
| সারা দেশে ১০০ উপজেলায় (প্রতি উপজেলায় ১৬ জন বা বিঘা ধরে) চারা পাবে মোট কৃষক (জন) | ১৬০০ |
| সারা দেশে মোট ১০০ উপজেলায় ১৬০০ বিঘার/ জনের জন্য মোট খরচ (১৬০০*৩৩৮০) টাকা | ৫৪,০৮,০০০ |

মোট: চুয়ান্ন লক্ষ আট হাজার টাকা

০৪। ডিএই এর তত্ত্বাবধানে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে রোপণের জন্য ট্রেতে নাবী জাতের আমন ধানের চারা উৎপাদন ও বিতরণের জন্য সংশ্লিষ্ট জেলাসমূহের অনুকূলে কোডওয়ারী আর্থিক বরাদ্দের বিভাজন (টাকা):

| ক্রমিক নং | জেলার নাম | ট্রেতে উৎপাদিত বীজতলা পাবে এমন কৃষকের সংখ্যা | বীজ /চারা-৩২৫১১০৯ | অন্যান্য-৩৬৩১১৯৯ | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | গাজীপুর | ৪৮ | ১৫২৬৪০.০০ | ৯৬০০.০০ | ১৬২২৪০.০০ |
| ২ | টাংগাইল | ১২৮ | ৪০৭০৪০.০০ | ২৫৬০০.০০ | ৪৩২৬৪০.০০ |
| ৩ | কিশোরগঞ্জ | ৩২ | ১০১৭৬০.০০ | ৬৪০০.০০ | ১০৮১৬০.০০ |
| ৪ | ময়মনসিংহ | ৪৮ | ১৫২৬৪০.০০ | ৯৬০০.০০ | ১৬২২৪০.০০ |
| ৫ | জামালপুর | ১১২ | ৩৫৬১৬০.০০ | ২২৪০০.০০ | ৩৭৮৫৬০.০০ |
| ৬ | শেরপুর | ৮০ | ২৫৪৪০০.০০ | ১৬০০০.০০ | ২৭০৪০০.০০ |
| ৭ | নেত্রকোনা | ৮০ | ২৫৪৪০০.০০ | ১৬০০০.০০ | ২৭০৪০০.০০ |
| ৮ | বগুড়া | ৮০ | ২৫৪৪০০.০০ | ১৬০০০.০০ | ২৭০৪০০.০০ |
| ৯ | পাবনা | ৯৬ | ৩০৫২৮০.০০ | ১৯২০০.০০ | ৩২৪৪৮০.০০ |
| ১০ | সিরাজগঞ্জ | ৪৮ | ১৫২৬৪০.০০ | ৯৬০০.০০ | ১৬২২৪০.০০ |
| ১১ | রংপুর | ৪৮ | ১৫২৬৪০.০০ | ৯৬০০.০০ | ১৬২২৪০.০০ |
| ১২ | গাইবান্ধা | ৯৬ | ৩০৫২৮০.০০ | ১৯২০০.০০ | ৩২৪৪৮০.০০ |
| ১৩ | কুড়িগ্রাম | ১১২ | ৩৫৬১৬০.০০ | ২২৪০০.০০ | ৩৭৮৫৬০.০০ |
| ১৪ | লালমনিরহাট | ৮০ | ২৫৪৪০০.০০ | ১৬০০০.০০ | ২৭০৪০০.০০ |
| ১৫ | নীলফামারী | ৩২ | ১০১৭৬০.০০ | ৬৪০০.০০ | ১০৮১৬০.০০ |
| ১৬ | যশোর | ৩২ | ১০১৭৬০.০০ | ৬৪০০.০০ | ১০৮১৬০.০০ |
| ১৭ | ঝিনাইদহ | ৬৪ | ২০৩৫২০.০০ | ১২৮০০.০০ | ২১৬৩২০.০০ |
| ১৮ | কুষ্টিয়া | ৮০ | ২৫৪৪০০.০০ | ১৬০০০.০০ | ২৭০৪০০.০০ |
| ১৯ | চুয়াডাঙ্গা | ১৬ | ৫০৮৮০.০০ | ৩২০০.০০ | ৫৪০৮০.০০ |
| ২০ | মাগুরা | ১৬ | ৫০৮৮০.০০ | ৩২০০.০০ | ৫৪০৮০.০০ |
| ২১ | ফরিদপুর | ৯৬ | ৩০৫২৮০.০০ | ১৯২০০.০০ | ৩২৪৪৮০.০০ |

| ক্রমিক নং | জেলার নাম | ট্রেতে উৎপাদিত বীজতলা পাবে এমন কৃষকের সংখ্যা | বীজ /চারা-৩২৫১১০৯ | অন্যান্য-৩৬৩১১৯৯ | মোট |
|---|---|---|---|---|---|
| ২২ | মাদারিপুর | ৪৮ | ১৫২৬৪০.০০ | ৯৬০০.০০ | ১৬২২৪০.০০ |
| ২৩ | গোপালগঞ্জ | ৮০ | ২৫৪৪০০.০০ | ১৬০০০.০০ | ২৭০৪০০.০০ |
| ২৪ | রাজবাড়ী | ১৬ | ৫০৮৮০.০০ | ৩২০০.০০ | ৫৪০৮০.০০ |
| ২৫ | শরিয়তপুর | ৩২ | ১০১৭৬০.০০ | ৬৪০০.০০ | ১০৮১৬০.০০ |
| মোট | | ১৬০০ | ৫০৮৮০০০.০০ | ৩২০০০০.০০ | ৫৪০৮০০০.০০ |

**কথায়: চুয়ান্ন লক্ষ আট হাজার**

০৫। জেলা, উপজেলা অনুয়ায়ী ট্রেতে আপদকালীন বীজতলা তৈরির পরিকল্পনা/বিবরণী:

| ক্রমিক নং | জেলা | উপজেলা | বীজতলার পরিমাণ (বিঘা) | মোট ট্রের সংখ্যা (টি) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | গাজীপুর | সদর | ১৬ | ৪১৬ |
| | | কালিয়াকৈর | ১৬ | ৪১৬ |
| | | কালীগঞ্জ | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৪৮ | ১২৪৮ |
| ২ | টাংগাইল | সদর | ১৬ | ৪১৬ |
| | | কালিহাতী | ১৬ | ৪১৬ |
| | | ঘাটাইল | ১৬ | ৪১৬ |
| | | মধুপুর | ১৬ | ৪১৬ |
| | | ভুয়াপুর | ১৬ | ৪১৬ |
| | | গোপালপুর | ১৬ | ৪১৬ |
| | | সখিপুর | ১৬ | ৪১৬ |
| | | ধনবাড়ী | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ১২৮ | ৩৩২৮ |
| ৩ | কিশোরগঞ্জ | পাকুন্দিয়া | ১৬ | ৪১৬ |
| | | করিমগঞ্জ | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৩২ | ৮৩২ |
| ৪ | ময়মনসিংহ | নান্দাইল | ১৬ | ৪১৬ |
| | | ফুলপুর | ১৬ | ৪১৬ |
| | | হালুয়াঘাট | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৪৮ | ১২৪৮ |
| ৫ | জামালপুর | জামালপুর সদর | ১৬ | ৪১৬ |
| | | সরিষাবাড়ী | ১৬ | ৪১৬ |
| | | মেলান্দহ | ১৬ | ৪১৬ |
| | | ইসলামপুর | ১৬ | ৪১৬ |
| | | দেওয়ানগঞ্জ | ১৬ | ৪১৬ |
| | | মাদারগঞ্জ | ১৬ | ৪১৬ |
| | | বকশীগঞ্জ | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ১১২ | ২৯১২ |
| ৬ | শেরপুর | ঝিনাইগাতী | ১৬ | ৪১৬ |
| | | শ্রীবর্দী | ১৬ | ৪১৬ |
| | | সদর | ১৬ | ৪১৬ |
| | | নালিতাবাড়ি | ১৬ | ৪১৬ |
| | | নকলা | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৮০ | ২০৮০ |
| ৭ | নেত্রকোনা | নেত্রকোনা সদর | ১৬ | ৪১৬ |
| | | কলমাকান্দা | ১৬ | ৪১৬ |
| | | মোহনগঞ্জ | ১৬ | ৪১৬ |

| ক্রমিক নং | জেলা | উপজেলা | বীজতলার পরিমাণ (বিঘা) | মোট ট্রের সংখ্যা (টি) |
|---|---|---|---|---|
| | | বারহাট্টা | ১৬ | ৪১৬ |
| | | কেন্দুয়া | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৮০ | ২০৮০ |
| ৮ | বগুড়া | সারিয়াকান্দি | ১৬ | ৪১৬ |
| | | সোনাতলা | ১৬ | ৪১৬ |
| | | গাবতলী | ১৬ | ৪১৬ |
| | | ধুনট | ১৬ | ৪১৬ |
| | | শেরপুর | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৮০ | ২০৮০ |
| ৯ | পাবনা | সদর | ১৬ | ৪১৬ |
| | | আটঘড়িয়া | ১৬ | ৪১৬ |
| | | ঈশ্বরদী | ১৬ | ৪১৬ |
| | | চাটমোহর | ১৬ | ৪১৬ |
| | | সাঁথিয়া | ১৬ | ৪১৬ |
| | | সুজানগর | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৯৬ | ২৪৯৬ |
| ১০ | সিরাজগঞ্জ | সদর | ১৬ | ৪১৬ |
| | | কাজিপুর | ১৬ | ৪১৬ |
| | | বেলকুচি | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৪৮ | ১২৪৮ |
| ১১ | রংপুর | কাউনিয়া | ১৬ | ৪১৬ |
| | | গংগাচড়া | ১৬ | ৪১৬ |
| | | পীরগাছা | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৪৮ | ১২৪৮ |
| ১২ | গাইবান্ধা | সদর | ১৬ | ৪১৬ |
| | | সাদুল্যাপুর | ১৬ | ৪১৬ |
| | | পলাশবাড়ি | ১৬ | ৪১৬ |
| | | গোবিন্দগঞ্জ | ১৬ | ৪১৬ |
| | | সুন্দরগঞ্জ | ১৬ | ৪১৬ |
| | | সাঘাটা | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৯৬ | ২৪৯৬ |
| ১৩ | কুড়িগ্রাম | সদর | ১৬ | ৪১৬ |
| | | উলিপুর | ১৬ | ৪১৬ |
| | | চিলমারী | ১৬ | ৪১৬ |
| | | রৌমারী | ১৬ | ৪১৬ |
| | | ভুরুঙ্গামারী | ১৬ | ৪১৬ |
| | | নাগেশ্বরী | ১৬ | ৪১৬ |
| | | ফুলবাড়ি | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ১১২ | ২৯১২ |
| ১৪ | লালমনিরহাট | সদর | ১৬ | ৪১৬ |
| | | আদিতমারী | ১৬ | ৪১৬ |
| | | কালীগঞ্জ | ১৬ | ৪১৬ |
| | | হাতীবান্ধা | ১৬ | ৪১৬ |
| | | পাটগ্রাম | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৮০ | ২০৮০ |
| ১৫ | নীলফামারী | ডোমার | ১৬ | ৪১৬ |
| | | ডিমলা | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৩২ | ৮৩২ |
| ১৬ | যশোর | ঝিকরগাছা | ১৬ | ৪১৬ |
| | | মনিরামপুর | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৩২ | ৮৩২ |
| ১৭ | ঝিনাইদহ | সদর | ১৬ | ৪১৬ |
| | | কালীগঞ্জ | ১৬ | ৪১৬ |
| | | কোটচাঁদপুর | ১৬ | ৪১৬ |

| ক্রমিক নং | জেলা | উপজেলা | বীজতলার পরিমাণ (বিঘা) | মোট ট্রের সংখ্যা (টি) |
|---|---|---|---|---|
| | | মহেশপুর | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৬৪ | ১৬৬৪ |
| ১৮ | কুষ্টিয়া | সদর | ১৬ | ৪১৬ |
| | | খোকসা | ১৬ | ৪১৬ |
| | | কুমারখালী | ১৬ | ৪১৬ |
| | | মিরপুর | ১৬ | ৪১৬ |
| | | ভেড়ামারা | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৮০ | ২০৮০ |
| ১৯ | চুয়াডাঙ্গা | আলমডাঙ্গা | ১৬ | ৪১৬ |
| ২০ | মাগুরা | মাগুরা সদর | ১৬ | ৪১৬ |
| ২১ | ফরিদপুর | ফরিদপুর সদর | ১৬ | ৪১৬ |
| | | নগরকান্দা | ১৬ | ৪১৬ |
| | | সালথা | ১৬ | ৪১৬ |
| | | সদরপুর | ১৬ | ৪১৬ |
| | | ভাংগা | ১৬ | ৪১৬ |
| | | বোয়ালমারী | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৯৬ | ২৪৯৬ |
| ২২ | মাদারিপুর | সদর | ১৬ | ৪১৬ |
| | | কালকিনি | ১৬ | ৪১৬ |
| | | শিবচর | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৪৮ | ১২৪৮ |
| ২৩ | গোপালগঞ্জ | সদর | ১৬ | ৪১৬ |
| | | মুকসুদপুর | ১৬ | ৪১৬ |
| | | কাশিয়ানী | ১৬ | ৪১৬ |
| | | কোটালীপাড়া | ১৬ | ৪১৬ |
| | | টুঙ্গিপাড়া | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৮০ | ২০৮০ |
| ২৪ | রাজবাড়ী | রাজবাড়ী সদর | ১৬ | ৪১৬ |
| ২৫ | শরীয়তপুর | সদর | ১৬ | ৪১৬ |
| | | গোসাইরহাট | ১৬ | ৪১৬ |
| | জেলার মোট | | ৩২ | ৮৩২ |
| ২৫ জেলায় মোট | | | ১৬০০ | ৪১৬০০ |

০৬। **বর্ণিত প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।**

০৭। **শর্তাবলী :**

(১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 এবং PPR-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
(২) এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে;
(৩) এ সাথে সংযুক্ত অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি মোতাবেক এ প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করতে হবে ;
(৪) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন ;
(৫) কোন অবস্থায়ই বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না।
(৬) অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট কোডে সমন্বয় করতে হবে ;
(৭) জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সংশ্লিষ্ট উপজেলা থেকে প্রাপ্ত প্রয়োজনীয় কাগজপত্রের ভিত্তিতে অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন/২০২১ তারিখের মধ্যে অথবা সংযুক্ত বাস্তবায়ন পদ্ধতি অনুযায়ী যথাসময়ে সমন্বয় করবেন এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয় ও মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট অনুলিপি প্রেরণ করবেন। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সংশ্লিষ্ট জেলা হতে সমন্বয়ের কপি সংগ্রহপূর্বক একত্রিত করে একটি প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এ বিষয়ে অডিট সংক্রান্ত যাবতীয় কার্যাবলী জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা কৃষি

পুনর্বাসন বাস্তবায়ন কমিটির কার্যালয়ে নিষ্পন্ন হবে এবং প্রণোদনা কর্মসূচির যাবতীয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়ে সংরক্ষিত থাকবে।

(৮) ২০২০-২১ অর্থবছরে খরিপ-২ মৌসুমে বন্যার ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তত্ত্বাবধানে অধিক ক্ষতিগ্রস্থ জেলাসমূহে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে রোপণের জন্য ট্রেতে নাবী জাতের আমন ধানের চারা উৎপাদন ও ক্ষতিগ্রস্থ প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকের মাঝে বিনামূল্যে বিতরণের নিমিত্ত কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি এবং অত্র মঞ্জুরী আদেশে উল্লিখিত খাত ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না এবং এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী অর্থ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ;

(৯) সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষক উপকরণ কার্ডের ভর্তুকি অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কোন কৃষকের উপকরণ কার্ড না থাকলে সেক্ষেত্রে মাষ্টার রোলে কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নং, জাতীয় পরিচয় পত্র নং (যদি থাকে), স্ট্যাম্প সাইজের ছবির সংযুক্তকরণপূর্বক মাষ্টাররোলে সংরক্ষণ করতে হবে।

(১০) উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কৃষি সহায়তা উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং কৃষকের তালিকার ১ কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত কৃষকের তালিকার ১ কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন।

(১১) অব্যয়িত অর্থ ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে বিধি মোতাবেক সরকারী কোষাগারে ফেরত প্রদান করতে হবে।

(মো: মনিরুজ্জামান)
উপসচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৮.১৭.১০৬

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৭ / ২৭ জুলাই ২০২০

আদেশের ০৩ (তিন) কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবরে প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

(মো: মনিরুজ্জামান)
উপসচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

নং তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(মোহাম্মদ ফারুক-উজ-জামান)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৮.১৭.১০৬ তারিখ : ১২ শ্রাবণ ১৪২৭ / ২৭ জুলাই ২০২০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০৫. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব, সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২৫টি জেলা)।
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২৫টি জেলা)।
১২. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৩. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ২৫টি জেলা)।
১৪. উপজেলা কৃষি অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।
১৫. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

27/7/2020

(মো: মনিরুজ্জামান)
উপসচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

7/7

D:\PRONODONA-PUNORBASON 2020-2021\SEEDBED-TRAY 54 LAC\SEEDBED-TRAY GO (54 LAC).DOCX7

## বাস্তবায়ন পদ্ধতি:

১. জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি যথাসম্ভব দ্রুত কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ নিবেন এবং বরাদ্দকৃত অর্থ মঞ্জুরী আদেশের ০৫ নং অনুচ্ছেদে বর্ণিত উপজেলাওয়ারী দ্রুত প্রদানের ব্যবস্থা করবেন।

২. কর্মসূচিভুক্ত জেলাসমূহের উপপরিচালক, ডিএই নিজস্ব তত্ত্বাবধানে অথবা উপজেলা কৃষি অফিসারগণের সহায়তায় অথবা এটিআই অথবা হর্টিকালচার সেন্টারসমূহে অথবা আইপিএম ক্লাব, আইসিএম ক্লাব, সিআইজি, সিএফএস এর কৃষকগণের সহায়তায় অথবা স্থানীয় কৃষকগণের সহায়তায় ট্রেতে রোপা আমন ধানের চারা উৎপাদন করবেন।

৩. উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির বিতরণ পরিকল্পনা অনুযায়ী কৃষক নির্বাচন, অগ্রাধিকার তালিকা প্রস্তুত ও অনুমোদন, উৎপাদিত চারা বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে এই নীতিমালা/পদ্ধতি অনুযায়ী বাস্তবায়িত হবে।

৪. বীজতলায় উৎপাদিত চারা জেলা কর্তৃক নির্ধারিত সূচি অনুযায়ী সংশ্লিষ্ট জেলার মাননীয় মন্ত্রী/ মাননীয় সংসদ সদস্য/ অন্যান্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণের উপস্থিতিতে ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে বিতরণ করা হবে।

৫. উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ও অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত ক্ষতিগ্রস্থ কৃষকগণ এ আপদকালীন রোপা আমনের চারা সহায়তা পাবেন।

৬. এ কর্মসূচির আওতায় অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতিজন ক্ষতিগ্রস্থ কৃষক পরিবার এক বিঘা জমিতে রোপণের জন্য বিনামূল্যে ২৬টি ট্রে এর উৎপাদিত চারা এবং রোপণের জন্য যন্ত্র সহায়তা পাবেন।

৭. বিতরণকৃত চারা কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না বা এক জনের চারা অন্য জনকে প্রদান করা যাবে না।

৮. এ কর্মসূচির আওতায় সকল বীজতলার প্রয়োজনীয় রোপা আমন জাতের বীজ (বিআর ২২, বিআর ২৩) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) থেকে ক্রয় করতে হবে।

৯. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষক উপকরণ কার্ডের ভর্তুকি অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কোন কৃষকের উপকরণ কার্ড না থাকলে সেক্ষেত্রে মাষ্টার রোলে কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নং, জাতীয় পরিচয় পত্র নং (যদি থাকে), স্ট্যাম্প সাইজের ছবি সংযুক্তকরণপূর্বক মাষ্টাররোল সংরক্ষণ করতে হবে।

১০. সকল প্রকার ব্যয় ও সমন্বয়ে সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির জন্য বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না।

১১. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। চারা বিতরণ শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় বিবরণী মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে।

১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার এর অফিসে সংরক্ষিত থাকবে।

২৭/৭/২০২০

মোঃ মাহবুবুল ইসলাম
অতিরিক্ত সচিব
সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ
ফোন নং- ৯৫৪৬২৫৬

D:\PRONODONA-PUNORBASON 2020-2021\SEEDBED-TRAY 54 LAC\SEEDBED-TRAY NOTE.DOCX9